অনার্স প্রথম বর্ষ -২০১৬
বাংলা কবিতা -১

ক. প্রশ্ন : ‘বিদ্রোহী’ কবিতায় বিদ্রোহী কার হাতের বাঁশি?
উত্তর: ‘বিদ্রোহী’ কবিতায় বিদ্রোহী অর্ফিয়াসের এবং শ্যামের হাতের বাঁশির ।

খ. প্রশ্ন : ‘অগ্নি-বীণা’ কাব্যটি কবি কাকে উৎসর্গ করেছিলেন?
উত্তর: ‘অগ্নি-বীণা’ কাব্যটি কবি উৎসর্গ করেছিলেন শ্রীবারীন্দ্র কুমার ঘোষকে।

গ. প্রশ্ন : ‘অগ্নি-বীণা’ কাব্য থেকে মুসলিম ঐতিহ্য বিষয়ক দুটো কবিতার নাম উল্লেখ কর।
উত্তর: খেয়াপারের তরণী, কোরবানী।

ঘ. প্রশ্ন : ‘শাত-ইল-আরব’ কী?
উত্তর: আরব দেশের একটি নদীর নাম ‘শাত-ইল-আরব’।

ঙ .প্রশ্ন : ‘মানুষ’ কবিতায় উল্লিখিত দুইজন মহামানবের নাম উল্লেখ কর।
উত্তর: ‘মানুষ’ কবিতায় উল্লিখিত দুইজন মহামানব হলেন হযরত আদম (আঃ), হযরত মুসা (আঃ)।

চ. প্রশ্ন : ‘খেয়াপারের তরণী’ কবিতায় কাণ্ডারি কে?
উত্তর: ‘খেয়াপারের তরণী’ কবিতায় কাণ্ডারি আহম্মেদ (হযরত মুসা (সা.))।

ছ. প্রশ্ন : ‘রূপসী বাংলা’ কাব্যের কোন কবিতায় কবি রূপসী বাংলা শব্দটি ব্যবহার করেছেন?
উত্তর: ‘তোমার বুকের থেকে’ কবিতায় কবি রূপসী বাংলা শব্দটি ব্যবহার করেছেন।

জ. প্রশ্ন : ‘রূপসী বাংলা’ কাব্য থেকে দুটো নদীর নাম উল্লেখ কর।
উত্তর: ‘রূপসী বাংলা’ কাব্যে উল্লিখিত দুটো নদীর নাম জলসিঁড়ি ও ধলেশ্বরী।

ঝ. প্রশ্ন : ‘চলে যাবো’ কবিতায় কবি কোথায় চলে যেতে চান?
উত্তর: ‘চলে যাবো’ কবিতায় কবি জামরুল, হিজলের বনে চলে যেতে চান।

ঝ. প্রশ্ন : নৈলা গান কী?
উত্তর: বৃষ্টি নামানোর জন্য চাষিরা যে গান গেয়ে থাকে, তাই নৈলা গান বা বৃষ্টি নামানোর গান।

ট. প্রশ্ন : ‘নকশী কাঁথার মাঠ’ কোন জাতীয় কাব্য?
উত্তর: ‘নকশী কাঁথার মাঠ’ কাহিনী কাব্য।

ঠ. প্রশ্ন : সাজু ও রূপার ঘটক কে?
উত্তর: সাজু ও রূপার ঘটক দুখাই মিয়া।

অনার্স প্রথম বর্ষ -২০১৭
বাংলা কবিতা -১

প্রশ্ন (ক): 'অগ্নি-বীণা' কাব্যগ্রন্থের প্রথম কবিতার নাম কী?
উত্তর: 'অগ্নি-বীণা' কাব্যগ্রন্থের প্রথম কবিতার নাম 'প্রলয়োল্লাস'।

প্রশ্ন (খ): 'খেয়াপারের তরণী' কবিতায় শেষ পর্যন্ত কারা খেয়া পার হয়?
উত্তর: 'খেয়াপারের তরণী' কবিতায় শেষ পর্যন্ত পুণ্যের বা পুণ্য পথের যাত্রীরা খেয়া পার হয়।

প্রশ্ন (গ): 'শাত-ইল-আরব' কবিতায় ব্যবহৃত 'ফোরাত' নদীর অপর নাম কী?
উত্তর: 'শাত-ইল-আরব' কবিতায় ব্যবহৃত 'ফোরাত' নদীর অপর নাম ইউফ্রেটিস।

প্রশ্ন (ঘ): সত্যাগ্রহ কী?
উত্তর: সত্যাগ্রহ হলো গতানুগতিকতা পরিহার করে সত্য ও ন্যায়ের সাধনা করা।

প্রশ্ন ঙ): 'সাম্যবাদী' কাব্যগ্রন্থ কত সালে প্রকাশিত হয়?
উত্তর: 'সাম্যবাদী' কাব্যগ্রন্থ ১৯২৫ সালে প্রকাশিত হয়।

প্রশ্ন (চ): 'কুলি-মজুর' কোন শ্রেণির কবিতা?
উত্তর: 'কুলি-মজুর' শ্রেণিসংগ্রামের কবিতা।

প্রশ্ন (ছ): বেহুলা কোন নদীতে তার ভেলা ভাসিয়েছিল?
উত্তর: বেহুলা গাঙ্গুর নদীতে তার ভেলা ভাসিয়েছিল।

প্রশ্ন (জ): 'একদিন যদি আমি' কবিতায় নাটাফল কীসে করে তুলে নিয়ে যাওয়া হয়?
উত্তর: 'একদিন যদি আমি' কবিতায় নাটাফল আনারসী শাড়ির আঁচলে করে তুলে নিয়ে যাওয়া হয়।

প্রশ্ন (ঝ): 'বাংলার মুখ আমি' কবিতায় কবি পৃথিবীর রূপ খুঁজতে চান না কেন?
উত্তর: 'বাংলার মুখ আমি' কবিতায় কবি পৃথিবীর রূপ খুঁজতে চান না কারণ তিনি বাংলার মুখ দেখেছেন।

প্রশ্ন (ঞ): 'নকশী কাঁথার মাঠ' কাব্যে বর্ণিত বিলের নাম কী?
উত্তর: 'নকশী কাঁথার মাঠ' কাব্যে বর্ণিত বিলের নাম জলীর বিল।

প্রশ্ন (ট): সাজু 'নকশী কাঁথা'য় কী কী চিত্র এঁকেছিল?
উত্তর: সাজু 'নকশী কাঁথা'য় তার সুখ দুখের ছবি, সাজু রূপার বিদায়ের ছবি, নিজের কবরের ছবি প্রভৃতি চিত্র এঁকেছিল।

প্রশ্ন (ঠ): 'বঁদনা-বিয়েতে' ক'জন মেয়ে অংশ নেয়?
উত্তর: 'বঁদনা-বিয়েতে' সাজুসসহ পাঁচজন মেয়ে অংশ নেয়।

অনার্স প্রথম বর্ষ -২০১৮
বাংলা কবিতা -১

প্রশ্ন (ক): ‘অগ্নি-বীণা’ কাব্যগ্রন্থ কত সালে প্রকাশিত হয়?
উত্তর: ‘অগ্নি-বীণা’ কাব্যগ্রন্থ ১৯২২ সালে প্রকাশিত হয়।

প্রশ্ন (খ): ‘বিদ্রোহী’ কবিতায় মহাপ্রলয়ের নটরাজ কে?
উত্তর: ‘বিদ্রোহী’ কবিতায় মহাপ্রলয়ের নটরাজ কবি নিজে।

প্রশ্ন (গ): ‘খেয়াপারের তরণী’ কবিতায় ‘জান্নাত’ হতে রাশ রাশ ফুল ফেলে কারা?
উত্তর: ‘খেয়াপারের তরণী’ কবিতায় ‘জান্নাত’ হতে রাশ রাশ ফুল ফেলে হুরীরা।

প্রশ্ন (ঘ): ‘দুলদুল’ কী?
উত্তর: ‘দুলদুল’ ইমাম হোসেন (রা.) এর অশ্বের নাম।

প্রশ্ন (ঙ): ‘মানুষ’ কবিতায় সাত দিন ক্ষুধার্ত ছিল কে?
উত্তর: ‘মানুষ’ কবিতায় মুসাফির সাত দিন ক্ষুধার্ত ছিল।

প্রশ্ন (চ): ‘পাপ’ কবিতায় কবি জগতের সকল পাপী-তাপীকে কী বলে সম্বোধন করেছেন?
উত্তর: ‘পাপ’ কবিতায় কবি জগতের সকল পাপী-তাপীকে ভাইবোন বলে সম্বোধন করেছেন।

প্রশ্ন (ছ): ‘সেই দিন এই মাঠ’ কবিতায় শিশিরের জলে কোন ফুল ভিজবে না?
উত্তর: ‘সেই দিন এই মাঠ’ কবিতায় শিশিরের জলে চালতা ফুল ভিজবে না।

প্রশ্ন (জ): কবি ভোরের কাক হয়ে কোন দেশে ফিরে আসতে চান?
উত্তর: কবি ভোরের কাক হয়ে কার্তিকের নবান্নের দেশে ফিরে আসতে চান।

প্রশ্ন (ঝ): ‘বাতাসে ধানের শব্দ’ কবিতায় সজনে ফুল চুপে চুপে কোথায় ঝরে পড়ে?
উত্তর: ‘বাতাসে ধানের শব্দ’ কবিতায় সজনে ফুল চুপে চুপে মৃদু ঘাসে ঝরে পড়ে।

প্রশ্ন (ঞ): সাজু রূপাইদের গাঁয়ে কেন এসেছিল?
উত্তর: সাজু রূপাইদের গাঁয়ে বদনা বিয়ের গান গাওয়ার জন্য এসেছিল।

প্রশ্ন (ট): “লক্ষ্মীরে দেই বউ বানায়ে অমন জামাই পেলে” - উক্তিটি কার?
উত্তর: “লক্ষ্মীরে দেই বউ বানায়ে অমন জামাই পেলে” - উক্তিটি দুখাই ঘটকের।

প্রশ্ন (ঠ): রূপাই এর মা কোন মাসে মারা যায়?
উত্তর: রূপাই এর মা আষাঢ় মাসে মারা যায়।

অনার্স প্রথম বর্ষ -২০১৯
বাংলা কবিতা -১

প্রশ্ন (ক): কাজী নজরুল ইসলামের ‘বিদ্রোহী’ কবিতাটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?
উত্তর: কাজী নজরুল ইসলামের ‘বিদ্রোহী’ কবিতাটি ‘সাপ্তাহিক বিজলি’ পত্রিকায় (১৯২২) প্রথম প্রকাশিত হয়।

প্রশ্ন (খ): ‘ধূমকেতু’ কাকে বিষধূম নিক্ষেপ করে?
উত্তর: ‘ধূমকেতু’ ভগবান অভিমন্যুকে বিষধূম নিক্ষেপ করে।

প্রশ্ন (গ): ‘আতাতুর্ক’ শব্দের অর্থ কী?
উত্তর: ‘আতাতুর্ক’ শব্দের অর্থ ‘তুর্কি জাতির পিতা’ বা ‘তুরস্কের জাতির জনক’।

প্রশ্ন (ঘ): ‘সাম্যবাদী’ কবিতার শেষ চরণ কোনটি?
উত্তর: ‘সাম্যবাদী’ কবিতার শেষ চরণ “এই হৃদয়ের চেয়ে বড়ো কোনো মন্দির-কাবা নাই।”

প্রশ্ন (ঙ): ‘বারাঙ্গনা’ কবিতায় মহাবীর দ্রোণ কে?
উত্তর: ‘বারাঙ্গনা’ কবিতায় উল্লিখিত মহাবীর দ্রোণ স্বর্গবেশ্যা ঘৃতাচীর পুত্র।

প্রশ্ন (চ): ‘নারী’ কবিতাটি কোন ছন্দে রচিত?
উত্তর: ‘নারী’ কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত।

প্রশ্ন (ছ): ‘রূপসী বাংলা’ কাব্যটি কত সালে প্রকাশিত হয়?
উত্তর: ‘রূপসী বাংলা’ কাব্যটি ১৯৫৭ সালে প্রকাশিত হয়।

প্রশ্ন (জ): বেহুলা কখন বাংলার রূপ দেখেছিল?
উত্তর: বেহুলা কৃষ্ণ দ্বাদশীর জোৎস্নায়  বাংলার রূপ দেখেছিল।

প্রশ্ন (ঝ): ধানসিঁড়ি কী?
উত্তর: ‘ধানসিঁড়ি’ একটি নদী।

প্রশ্ন (ঞ): ‘নকশী কাঁথার মাঠ’ কাব্যের ভূমিকা কে লিখেছেন?
উত্তর: ‘নকশী কাঁথার মাঠ’ কাব্যের ভূমিকা লিখেছেন শ্রী অবনীন্দ্রনাথ ঠাকুর।

প্রশ্ন (ট): ‘নকশী কাঁথার মাঠ’ কাব্যের কোন অধ্যায়ে মহররমের জারি সংযোজন করা হয়েছে?
উত্তর: ‘নকশী কাঁথার মাঠ’ কাব্যের একাদশ অধ্যায়ে মহররমের জারি সংযোজন করা হয়েছে।

প্রশ্ন (ঠ): কবি জসীম উদ্দিন কখন মরণোত্তর স্বাধীনতা পুরস্কার লাভ করেন?
উত্তর: কবি জসীম উদ্দিন ১৯৭৮ সালে মরণোত্তর স্বাধীনতা পুরস্কার লাভ করেন।

অনার্স প্রথম বর্ষ -২০২০
বাংলা কবিতা -১

ক.প্রশ্ন : 'অগ্নি-বীণা' কাব্য থেকে মুসলিম ঐতিহ্য বিষয়ক দুটো কবিতার নাম উল্লেখ কর।
উত্তর: খেয়াপারের তরণী, কোরবানী।

প্রশ্ন (খ): 'বিদ্রোহী' কবিতায় মহাপ্রলয়ের নটরাজ কে?
উত্তর: 'বিদ্রোহী' কবিতায় মহাপ্রলয়ের নটরাজ কবি নিজে।

প্রশ্ন (গ): 'সাম্যবাদী' কাব্য কত সালে প্রকাশিত হয়?
উত্তর: 'সাম্যবাদী' কাব্য ১৯২৫ সালে প্রকাশিত হয়।

প্রশ্ন (ঘ): 'মানুষ' কবিতায় 'ক্ষুধার ঠাকুর' বলা হয়েছে কাকে?
উত্তর: 'মানুষ' কবিতায় 'ক্ষুধার ঠাকুর' বলা হয়েছে ভুখারীকে ।

প্রশ্ন (ঙ): 'কুলি-মজুর' কোন শ্রেণির কবিতা?
উত্তর: 'কুলি-মজুর' শ্রেণিসংগ্রামের কবিতা।

প্রশ্ন (চ): 'পাপ' কবিতায় কবি জগতের পাপী-তাপীকে কী বলে সম্বোধন করেছেন?
উত্তর: 'পাপ' কবিতায় কবি জগতের পাপী-তাপীকে ভাইবোন বলে সম্বোধন করেছেন।

প্রশ্ন (ছ): 'রূপসী বাংলা' কাব্যের কোন কবিতায় 'রূপসী বাংলা' কথাটির উল্লেখ পাওয়া যায়?
উত্তর: 'রূপসী বাংলা' কাব্যের 'তোমার বুকের থেকে' কবিতায় 'রূপসী বাংলা' কথাটির উল্লেখ পাওয়া যায়।

প্রশ্ন (জ): 'সেই দিন এই মাঠ' কবিতায় কোন কোন সভ্যতার উল্লেখ রয়েছে?
উত্তর: 'সেই দিন এই মাঠ' কবিতায় এশেরীয় ও বেবিলনীয় সভ্যতার উল্লেখ রয়েছে।

প্রশ্ন (ঝ): 'এখানে ঘুঘুর ডাক' কবিতায় পৌরাণিক কোন কথা বলা হয়েছে?
উত্তর: 'এখানে ঘুঘুর ডাক' কবিতায় পৌরাণিক নারী রাধিকার কথা বলা হয়েছে।

প্রশ্ন (ঞ): 'নকশী কাঁথার মাঠ' কাব্যের ইংরেজি অনুবাদ কে করেছিলেন?
উত্তর: 'নকশী কাঁথার মাঠ' কাব্যের ইংরেজি অনুবাদ করেছিলেন ই.এম. মিলফোর্ড।

প্রশ্ন (ট): 'নকশী কাঁথার মাঠ' কোন জাতীয় রচনা?
উত্তর: 'নকশী কাঁথার মাঠ' কাহিনিকাব্য জাতীয় রচনা।

প্রশ্ন (ঠ): রূপার মা রূপার বিয়েতে কত টাকা পণ দিয়েছিলেন?
উত্তর: রূপার মা রূপার বিয়েতে আশি টাকা পণ দিয়েছিলেন।

অনার্স প্রথম বর্ষ -২০২১
বাংলা কবিতা -১

১. প্রশ্ন: ‘বিদ্রোহী’ কবিতায় কবি কার ‘কঠোর কুঠার’ বলে নিজেকে দাবি করেছেন?
উত্তর: ‘বিদ্রোহী’ কবিতায় কবি পরশুরামের ‘কঠোর কুঠার’ বলে নিজেকে দাবি করেছেন।

২. প্রশ্ন: ভারতীয় পুরাণে ‘মহাকাল’ ও ‘রুদ্র’ কার নামান্তর?
উত্তর: ভারতীয় পুরাণে ‘মহাকাল’ ও ‘রুদ্র’ কালবৈশাখীর ঝড়ের নামান্তর।

৩. প্রশ্ন: ‘আতাতুর্ক’ শব্দের অর্থ কী?
উত্তর: ‘আতাতুর্ক’ শব্দের অর্থ ‘তুর্কি জাতির পিতা’ বা ‘তুর্কিদের জনক’।

৪. প্রশ্ন: ‘অগ্নি-বীণা’ কাব্য কত সালে প্রকাশিত হয়?
উত্তর: ‘অগ্নি-বীণা’ কাব্য ১৯২২ সালে প্রকাশিত হয়।

৫. প্রশ্ন: তাজমহলের অন্তরে মোমতাজ , বাইরে কে?
উত্তর: তাজমহলের ভিতরে মোমতাজ, বাইরে শাহ-জাহান।

৬. প্রশ্ন: সাঁওতাল, ভিল, গারো—এই উপজাতিসমূহের উল্লেখ নজরুলের কোন কবিতায় পাওয়া যায়?
উত্তর: সাঁওতাল, ভিল, গারো—এই উপজাতিসমূহের উল্লেখ নজরুলের ‘সাম্যবাদী’ কবিতায় পাওয়া যায়।

৭. প্রশ্ন: ইন্দ্রের সভায় ছিন্ন খঞ্জনার মতো নেচেছিল কে?
উত্তর: ইন্দ্রের সভায় ছিল খঞ্জনার মতো নেচেছিল বেহুলা।

৮. প্রশ্ন: বাংলার সবুজ ডাঙা কীসে ভরা?
উত্তর: বাংলার সবুজ ডাঙা মধুকূপী ঘাসে ভরা।

৯. প্রশ্ন: শালিকের ডানার রং কী ছিল?
উত্তর: শালিকের ডানার রং ছিল খয়েরি।

১০. প্রশ্ন: ‘নক্সী কাঁথার মাঠ’ কাব্যগ্রন্থের ইংরেজিতে অনূদিত নাম কী ছিল?
উত্তর: ‘নক্সী কাঁথার মাঠ’ কাব্যগ্রন্থের ইংরেজিতে অনূদিত নাম ছিল ‘The Field of Embroidered Quilt’।

১১. প্রশ্নঃ‘নকশী কাঁথার মাঠ ‘কাব্য রূপায় চাচা নাম কি?
উঃ অছিমদ্দী ।

১২. প্রশ্নঃ জসীমউদ্দীন এর ছদ্মনাম কি?
উঃ তুজাম্বর আলী

অনার্স প্রথম বর্ষ -২০২২
বাংলা কবিতা -১

ক. 'প্রলয়োল্লাস' কবিতায় দিগম্বরের এর জটায় কে লুটিয়ে পড়ে?
উত্তর: 'প্রলয়োল্লাস' কবিতায় দিগম্বরের এর জটায় চাঁদের কর লুটিয়ে পড়ে।

খ. 'বিদ্রোহী' কবিতাটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?
উত্তর: 'বিদ্রোহী' কবিতাটি প্রথম 'বিজলী' পত্রিকায় প্রকাশিত হয়।

গ. 'মরসিয়া' শব্দের অর্থ কী?
উত্তর: 'মরসিয়া' শব্দের অর্থ শোকসংগীত বা শোকগীতি।

ঘ. 'ঈশ্বর' কবিতায় সিন্ধু-কূলে কে রত্ন বেচা-কেনা করে?
উত্তর: 'ঈশ্বর' কবিতায় সিন্ধু-কূলে বণিক রত্ন বেচা-কেনা করে।

ঙ. 'সাম্যবাদী' কবিতায় কোথায় তাজা ফুল ফোটে?
উত্তর: 'সাম্যবাদী' কবিতায় পথে তাজা ফুল ফোটে।

চ. "অন্যেরে যত করিবে পীড়ন, নিজে হবে তত ক্লীব!"—পঙ্‌ক্তিটি কোন কবিতা থেকে নেওয়া হয়েছে?
উত্তর: "অন্যেরে যত করিবে পীড়ন, নিজে হবে তত ক্লীব!"—পঙ্‌ক্তিটি 'নারী' কবিতা থেকে নেওয়া হয়েছে।

ছ. 'রূপসী বাংলা' কাব্যটি কত সালে প্রকাশিত হয়?
উত্তর: 'রূপসী বাংলা' কাব্যটি ১৯৫৭ সালে প্রকাশিত হয়।

জ. 'আবার আসিব ফিরে' কবিতায় সন্ধ্যার বাতাসে কী ওড়ে?
উত্তর: 'আবার আসিব ফিরে' কবিতায় সন্ধ্যার বাতাসে সুদর্শন ওড়ে।

ঝ. 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় বিশালাক্ষ্মী কাকে বর দিয়েছিলেন?
উত্তর: 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় বিশালাক্ষ্মী শঙ্খমালাকে বর দিয়েছিলেন।

ঞ. 'নক্সী কাঁথার মাঠ' কাব্যে 'হলদে পাখির ছা' কে?
উত্তর: 'নক্সী কাঁথার মাঠ' কাব্যে 'হলদে পাখির ছা' হলো নায়িকা সাজু।

ট. বৃষ্টির জন্য চাষিরা যে গান করে তার নাম কী?
উত্তর: বৃষ্টির জন্য চাষিরা যে গান করে তার নাম 'নৈলা গান'।

ঠ. "লক্ষ্মীরে দেই বউ বানায়ে অমন জামাই পেলে"—উক্তিটি কার?
উত্তর: "লক্ষ্মীরে দেই বউ বানায়ে অমন জামাই পেলে"—উক্তিটি দুখাই ঘটকের।